

স্নাতকোত্তর বাংলা অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : বাংলা/পিজি/৪.১

বিষয় : বাংলা উপন্যাস পর্ব - ২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে 'দেশভক্তির চূড়ান্ত পরিচয়'-এর সঙ্গে 'বিবাহ'-র ভাবনা একসূত্রে যুক্ত হয়ে 'ঐতিহাসিক রোমাঞ্চ' কীভাবে পরিবেশিত হয়েছে? তোমার মতামত যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

২। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে 'বিজয়নগরের অতীত ঐশ্বর্যের স্মৃতি' একটি মনোরম কাহিনীর মধ্যে দিয়ে কীভাবে ফুটে উঠেছে? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৩। আত্মজীবনের নানা প্রসঙ্গ 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসটিকে আত্মজৈবনিক উপন্যাসের ধারায় কীভাবে যুক্ত করেছে? প্রসঙ্গগুলি বিশ্লেষণ করে মন্তব্যটি আলোচনা করো। ১০

অথবা

৪। 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে একটি সময়ের পরিবেশ, পরিস্থিতি ও তার ফল পরিণাম কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৫। তুমি কি মনে কর, মহাশ্বেতা দেবী 'হাজার চুরাশির মা' উপন্যাসে সময়ের দলিলীকরণের সাধ্যমত চেষ্টা করেছেন? নকশাল আন্দোলনের প্রেক্ষাপটে তোমার যুক্তিগুলি আলোচনা করো। ১০

অথবা

৬। সুজাতার আত্মসমাহিত দুঃখের পাশাপাশি শহীদ ব্রতীর প্রকৃত সত্তা আবিষ্কারের প্রয়াস 'হাজার চুরাশির মা' উপন্যাসের মূল কাঠামো ধারণ করে রাখে। তার সঙ্গে জুড়েছে রাজনৈতিকভাবে অসচেতন এক মায়ের আত্মোপলব্ধি - এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার অবস্থান ব্যাখ্যাসহ স্পষ্ট করো। ১০

৭। 'মায়া-মুদঙ্গ' উপন্যাসে সবচেয়ে লাঞ্চিত চরিত্র সুধা। - এই মন্তব্যের সঙ্গে তুমি কি একমত হবে? যুক্তিসহ লেখো। ১০

অথবা

৮। প্রকৃতি-সমাজ-ঈশ্বরের নিয়ম অগ্রাহ্য করলে নেমে আসে 'অভিশাপ'। কিন্তু তবুও নিয়মের বাইরে যাওয়ার বাসনা শিল্পীর মজ্জাগত। 'মায়া-মুদঙ্গ' উপন্যাসের শিল্পীরাও নিয়ম ভাঙার নেশায় এগিয়ে চলে। - উপন্যাসটির এ হেন ইশারা কি তুমি নজরে রাখবে? নাকি এ উপন্যাস তুমি পড়ত চাও ভিন্ন কোনও উপায়ে? যুক্তিসহ জানাও। ১০

★ ★ ★